

চট্টগ্রামে ইংলিশ স্কুল ১০০ রেজিস্ট্রেশন আছে ১২টির

চট্টগ্রাম অফিস

চট্টগ্রামে শতাধিক ইংলিশ মিডিয়াম স্কুলের অধিকাংশই রেজিস্ট্রেশন নেই। অর্থাৎ রেজিস্ট্রেশনবিহীন এসব স্কুল ন্যাশনাল কারিকুলামের আওতায় শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। রেজিস্ট্রেশনবিহীন স্কুলগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সরকার কোনো নির্দেশনা না থাকায় শিক্ষা বোর্ড এ ব্যাপারে উদ্যোগী হতে পারছে না।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রামের বিদ্যালয় পরিদর্শন প্রফেসর আলী হোসেন যায়যায়দিনকে বলেন, সরকার ঘোষিত সময়ের মধ্যে মাত্র ২৬টি স্কুল রেজিস্ট্রেশনের আবেদন করেছে। ১২টি স্কুল ইতিমধ্যে রেজিস্ট্রেশন পেয়েছে। তবে চট্টগ্রামে কতোগুলো ইংলিশ মিডিয়াম স্কুল আছে এ সংক্রান্ত কোনো তথ্য বোর্ডের কাছে নেই বলে

তিনি জানান। অন্য এক প্রশ্নের জবাবে তিনি জানান, রেজিস্ট্রেশনবিহীন স্কুলগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় কোনো স্পষ্ট নির্দেশনা এখনও দেয়নি। তবে ১৯ নভেম্বর ২০০৭ সালে এ সংক্রান্ত গেজেট প্রকাশের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় ইংলিশ মিডিয়াম স্কুল প্রতিষ্ঠার ব্যাপারে উদারনীতি গ্রহণ করেছে। ওই গেজেটে রেজিস্ট্রেশন

পেতে বিভিন্ন শর্ত অত্যন্ত শিথিল করা হয়েছে বলে তিনি মনে করেন।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রামের বিদ্যালয় পরিদর্শন শাখা জ্ঞানায়, সরকারের পক্ষ থেকে গত বছরের ডিসেম্বরের মধ্যে চট্টগ্রামে ন্যাশনাল কারিকুলামে পরিচালিত ইংলিশ মিডিয়াম স্কুলগুলোকে বোর্ড কর্তৃপক্ষের বরাবরে রেজিস্ট্রেশনের আবেদন করতে বলা হয়। এ নির্দেশের পরিপ্রেক্ষিতে মাত্র ২৬টি স্কুল রেজিস্ট্রেশনের আবেদন করে।

এর মধ্যে রেজিস্ট্রেশন করা স্কুলগুলো হলো- সাউথ পয়েন্ট ইন্টারন্যাশনাল স্কুল,



স্কুল

রেডিয়েন্ট স্কুল, সারাদিনের স্কুল, চিটাগং গ্রামার স্কুল, বাংলাদেশ এলিমেন্টারি স্কুল, সানশাইন গ্রামার স্কুল, মেমন গ্রামার স্কুল, বে-ভিউ স্কুল, ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল, অরব্রিজ ইন্টারন্যাশনাল স্কুল, চাইল্ড হেলেন স্কুল ও স্যারভার্ড স্কুল।

রেজিস্ট্রেশন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে এমন ১৪টি স্কুলের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রামের চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ ইউনুফ যায়যায়দিনকে বলেন, কোনো স্কুলই রেজিস্ট্রেশনের বাইরে থাকতে পারবে না। পর্যায়ক্রমে সবগুলো ইংলিশ মিডিয়াম স্কুলকে রেজিস্ট্রেশনের আওতায় আনার উদ্যোগ নেয়া হবে।